

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
কর্মস পাদন ব্যবস্থাপনা শাখা।



**বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর আওতায় দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণের নিমিত্তি অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।**


লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১১-০৩-২০২১ খ্রি: তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব (ডাঃ) ও এপিএ কমিটির টিমপ্রধান জনাব মোঃ রফিকুল হাসানের সভাপতিত্বে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভার্চুয়ালি একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য জনাব এস.এম. শাফায়েত হোসেনকে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং ১.৩ এ উল্লিখিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। তিনি সভায় এ বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। সভার এ পর্যায়ে সভাপতি মহোদয় Rules of Business এবং Allocation of Business অনুযায়ী লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা ও সংগঠনিক কাঠামো সম্পর্কে ধারণা দেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাদের নিকট লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা প্রদানের ক্ষেত্রে কোনো অসন্তুষ্টি আছে কিনা সে সম্পর্কে জানতে চান। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব মোহাম্মদ কুদ্দুস আলী সরকার বলেন যে, G.R.S. সম্পর্কে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ তেমন অবহিত নয়, তাই G.R.S. এ অভিযোগ অনেক কম। সভায় অংশগ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কাজ ও কাজের মান সম্পর্কে সন্তুষ্টি প্রকাশ করেন।

সিদ্ধান্ত:

Allocation of Business এ নির্ধারিত কার্যাদি প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের চাহিদা এবং সন্তুষ্টি ও অসন্তুষ্টি বিবেচনায় রেখে যতদূর সম্ভব স্বল্পতম সময়ে সম্পাদনের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ উহার উদ্যোগ অব্যাহত রাখবে।

৩. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১১/০৩/২০২১  
(মো: রফিকুল হাসান)  
যুগ্ম-সচিব (ডাঃ)  
এবং  
টিম প্রধান, এপিএ